

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী  
সাধারণ শাখা



২০২০-২১ অর্থ বছরে রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী :

সভাপতি মোঃ হুমায়ুন কবীর খোন্দকার  
বিভাগীয় কমিশনার  
সভার তারিখ ২৪/০৯/২০২০ খ্রি.  
সভার সময় বিকাল ৪.৩০ টা  
স্থান বিভাগীয় কমিশনারের সম্মেলন কক্ষ  
উপস্থিতি ...

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক), রাজশাহী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচক সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রমের শুরুতেই নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। তারই ধারাবাহিকতায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন সূচক বাস্তবায়নের নিমিত্ত এ সভার আয়োজন করা হয়েছে।

সভাপতি বলেন যে, সরকারি কর্মচারী হিসেবে আমরা জনগণের নিকট দায়বদ্ধ। 'সরকারি চাকুরী আইন ২০১৮' এর ২৫ ধারায় সেবা গ্রহীতাদের প্রাপ্য সেবা নির্ধারিত সময়ে প্রদান করার বিষয়টি নিশ্চিত করতে বলা হয়েছে। কোন কর্মচারী ইচ্ছাকৃত বা অভ্যাসগতভাবে এই ধারার বিধান লঙ্ঘন করিলে উহা অসদাচরণ বা ক্ষেত্রমতে অদক্ষতা হিসেবে গণ্য হবে। সরকার সুশাসন নিশ্চিতকল্পে সরকারি দপ্তরের কার্য সম্পাদনের নীতি, শুদ্ধাচার চর্চা ও নৈতিকতার বিভিন্ন মানদণ্ড প্রণয়ন করেছেন। এই বিষয়গুলো মেনে চলার জন্য সকল কর্মচারীকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। এছাড়া জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহবান এবং মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করেন। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | সিদ্ধান্ত  | বাস্তবায়ন  |
|---------|--|---|
| ১.      | এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে স্ব স্ব শাখার কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), এ কার্যালয়   |
| ২.      | এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ এর অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণ করতে হবে।           | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার(সার্বিক) রাজশাহী বিভাগ<br>২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ), এ কার্যালয়  |
| ৩.      | স্ব স্ব ওয়েব সাইটে শুদ্ধাচার সেবাবন্ধ নিয়মিত হালনাগাদকরণ করতে হবে।   | ১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ<br>২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী বিভাগ |
| ৪.      | সেবা গ্রহীতাদের প্রাপ্য সেবা নির্ধারিত সময়ে প্রদান নিশ্চিত করতে হবে।  | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), এ কার্যালয়   |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার

বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০৪৬.১৮.১৪১৩

তারিখ: ১৬ আশ্বিন ১৪২৭

০১ অক্টোবর ২০২০

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে-

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৩) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৪) সহকারী কমিশনার (মাঠ প্রশাসন/সাধারণ/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি/হিসাব ও নেজারত) শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৫) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ(কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

শাহীন মিয়া  
সহকারী কমিশনার